

প্রতীক্ষায় আছি

কেউ কোথাও নেই, ছিলনা কেউ এখানে কোনদিন, নির্জনতা,
কারো পদচিহ্ন পড়েনি কোনদিন নিঃসঙ্গ এই নিসর্গে ।
সতেজ বৃক্ষের পাতারা একে একে খসে পড়ছে পাড়ুরতায়,
জীবনের রৌদ্র গন্ধ ক্রমশঃ হারিয়ে যাচ্ছে নিরুদ্দেশ,
বিষণ্তার আলোছায়া ছুঁয়ে একাকী বসে আছি দীর্ঘক্ষণ,
কালের পরিক্রমাও ভুলেছে সময় । কতোবার নিঃশব্দ নিশীথ
নিষিদ্ধ নিমন্ত্রণ দিয়েছিল নিভূতে, প্রত্যাখ্যান করেছি প্রতিবার ।
নিস্তব্ধ হৃদয়ের নিরুদ্ধ দরোজা খুলে অন্তহীন প্রতীক্ষায়
অধীর অপেক্ষা করেছি কোন আগন্তকের, যদি আসে ।
যদি কেউ আসে, নিঃসঙ্গ প্রহরের একান্ত সঙ্গী হয়,
কোনদিন কেউ যদি এসে বলে, জন্মাবধি যার সন্ধান,
এই সেই ভালোবাসার কাঙ্ক্ষিত ঠিকানা, এখানেই ।
এসো তুমি আর আমি আমরা হই, তারপর এখানেই আমাদের
চিহ্ন রেখে যাবো জন্ম জন্মান্তরে, মুখর জনপদে ।

প্রতীক্ষায় আছি ।

ঢাকা ৪ ১৫.০২.২০০৭

মুহম্মদ আবদুস সালাম